



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY  
গাজীপুর-১৭০৫।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ  
ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : বাউবি/এসএসএস/ওএস-বিবিএ/বিশেষ-২

তারিখ : ০১/০৭/২০২০ খ্রিস্টাব্দ  
জরুরী

আঞ্চলিক পরিচালক


আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল  
রংপুর/বগুড়া/রাজশাহী/ফরিদপুর/যশোর/খুলনা  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : ওপেন স্কুলের বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামে ভর্তির সময় বৃদ্ধিসহ প্রাসঙ্গিক নির্দেশনা প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের সংগে আঞ্চলিক পরিচালকদের এক সমন্বয় সভা গত ২৯ জুন, ২০২০ তারিখে অনলাইনে অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের আলোকে নিম্নেবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো।

১. বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের যে সকল স্টাডি সেন্টারে শিক্ষার্থী আশানুরূপ হবে না। তাদেরকে টিউটোরিয়াল সার্ভিস প্রদানের জন্য ওপেন স্কুলের তত্ত্বাবধানে Central Study Center গঠিত হবে। উক্ত স্টাডি সেন্টারের শিক্ষার্থীদের ওপেন স্কুলের মাধ্যমে অনলাইনে শিক্ষা সেবা প্রদান করা হবে। তবে বর্ধিত সময়ে এ সকল স্টাডি সেন্টারে যাতে আশানুরূপ শিক্ষার্থী ভর্তি হয় সে বিষয়ে আঞ্চলিক পরিচালকগণ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।
২. যেহেতু চলতি বছর ভর্তি কার্যক্রমে ভর্তি পরীক্ষা, যাচাই বাছাই ও মৌখিক পরীক্ষাসহ অন্যান্য আনুষ্ঠানিক কার্যক্রম থাকছে না অর্থাৎ ভর্তি পরীক্ষা সংক্রান্ত ব্যয় হ্রাস পেয়েছে তাই করোনা কালে ভর্তির আবেদন ফি ১০০০/- টাকা থেকে কমিয়ে ৫০০/- টাকায় নির্ধারণ করা হলো।
৩. যে সকল শিক্ষার্থী একসঙ্গে কোর্স ফি জমা দিতে পারবে না। তারা সর্বোচ্চ তিন কিস্তিতে কোর্স ফি পরিশোধ করতে পারবে।
৪. ভর্তির তারিখ ০১/০৭/২০২০ থেকে ৩১/০৮/২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। এ সময়ে একজন শিক্ষার্থী একই সঙ্গে ভর্তির আবেদন ও ভর্তি কার্যক্রম দুটোই সম্পন্ন করতে পারবেন। ভর্তি কমিটির সিদ্ধান্তের আলোকে ভর্তির প্রক্রিয়ার পূর্ব নির্ধারিত বিভিন্ন ধাপসমূহ প্রত্যাহার করার প্রস্তাব সভায় গৃহিত হয়।
৫. বরিশালে যেহেতু বিবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের কোনো স্টাডি সেন্টার নেই, সেক্ষেত্রে Central Study Center -এর অধিনে বরিশাল আঞ্চলিক কেন্দ্রের অধিনে সরাসরি শিক্ষার্থী ভর্তি করা যাবে। এক্ষেত্রে আঞ্চলিক পরিচালককে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে জোরালো ভূমিকা গ্রহণ করতে হবে এবং সময় সময় শিক্ষার্থী ভর্তির অগ্রগতি এসএসএস বিভাগ-কে জানাতে হবে।
৬. যে সকল শিক্ষার্থী কেবলমাত্র অনলাইনে আবেদন করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছেন, করোনা মুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম শুরু হলে সে সকল শিক্ষার্থী স্ব স্ব আঞ্চলিক কিংবা উপ-আঞ্চলিক কেন্দ্রে তাদের মূল সনদ জমা দেবেন। সনদে তথ্যভ্রান্তি বা OSAPS ফরমে উপস্থাপিত তথ্যের মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

  
০১/০৭/২০২০



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY  
গাজীপুর-১৭০৫।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ  
ফোন-৯২৯১১১৩

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং : বাউবি/এসএসএস/ওএস-বিবিএ/বিশেষ-২

তারিখ : ০১/০৭/২০২০ খ্রিস্টাব্দ

উপরে বর্ণিত নির্দেশনার আলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

#### অনুলিপি : অবগতির জন্য

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডিন, ওপেন স্কুল, বাউবি।
৩. সিস্টেম ম্যাজোর/পরিচালক কম্পিউটার বিভাগ, বাউবি (বিষয়টি বাউবির ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি)।
৪. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, বাউবি।
৫. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র, বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর (মাননীয় উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৭. উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর (মাননীয় প্রো-উপাচার্য -এর সদয় অবগতির জন্য), বাউবি।
৮. সংরক্ষণ নথি/সংশ্লিষ্ট নথি।